

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু  
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়: পবিত্র কুরআনের ৪০ টি রবানা দোয়া সিরিজ-৮

১. (ঈমানদার তাকওয়া অবলম্বনকারী) কল্যাণের কাজে অগ্রগামীগণকে দাখিল করানো হবে চিরস্থায়ী জান্নাতে। সেখানে তাদের অলংকার পোড়ানো হবে সোনার কঙ্কন মুক্তার অলংকার আর তাদের পোশাক হবে রেশমি।

তারা বলবে **الحمد لله** আলহামদুলিল্লাহ, সমস্ত প্রশংসা আল্লাহর।

যিনি দূর করে দিয়েছেন আমাদের সব দুঃখ-দুশ্চিন্তা। নিশ্চয়ই,

**إِنَّ رَبَّنَا لَغَفُورٌ شَكُورٌ**

নিশ্চয়ই আমাদের প্রভু পরম ক্ষমাশীল, গণগ্রাহী। (সূরা ৩৫ ফাতির আয়াত ৪৩)

২. যারা (যে সব ফেরেশতা) আল্লাহর আরশ ধারণ করে আছে এবং যারা আছে আরশের চারপাশে, তারা তাদের প্রভুর প্রশংসাসহ তসবীহ করছে। তারা তার প্রতি ঈমান রাখে এবং তারা মুমিনদের জন্য ক্ষমা প্রার্থনা করে। তারা বলে,

**رَبَّنَا وَسِعْتَ كُلَّ شَيْءٍ رَّحْمَةً وَعِلْمًا فَاغْفِرْ لِلَّذِينَ تَابُوا وَاتَّبَعُوا  
سَبِيلَكَ وَقِهِمْ عَذَابَ الْجَحِيمِ**

আমাদের প্রভু! সর্বত্র পরিব্যাপ্ত রয়েছে তোমার রহমত এবং এলেমা সুতরাং তুমি সেই সব লোকদের ক্ষমা করে দাও যারা তওবা করেছে, আর তুমি তাদের রক্ষা করো জাহিমের (জাহান্নাম) আযাব থেকে।  
(সূরা ৪০ আল মুমিন/গাফির আয়াত ৭)

৩. ফেরেশতা মুমিনদের জন্য আরো দোয়া করে:

**رَبَّنَا وَأَدْخِلْهُمْ جَنَّاتِ عَدْنِ الَّتِي وَعَدْتَهُمْ وَمَنْ صَلَحَ مِنْ آبَائِهِمْ  
وَأَزْوَاجِهِمْ وَذُرِّيَّاتِهِمْ إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ**

হে আমাদের রাব্ব! আপনি তাদেরকে দাখিল করুন স্থায়ী জান্নাতে, যার প্রতিশ্রুতি আপনি তাদেরকে দিয়েছেন এবং তাদের মাতা-পিতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততির মধ্যে যারা সৎ কাজ করেছে তাদেরকেও।  
আপনিতো পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (৪০:৮)

৪. ফেরেশতারা মুমিনদের জন্য আরো দোয়া করে:

وَقِهِمُ السَّيِّئَاتِ وَمَنْ تَقِ السَّيِّئَاتِ يَوْمَئِذٍ فَقَدْ رَحِمْتَهُ وَذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ

এবং আপনি তাদেরকে পাপ হতে রক্ষা করুন, সেই দিন আপনি যাকে শাস্তি হতে রক্ষা করবেন তাকে তো অনুগ্রহই করবেন, এটাইতো মহা সাফল্য। (৪০:৯)

যে সমস্ত ফেরেশতাগণ আল্লাহর আরশ ধারণ করে আছে এবং সে সমস্ত ফেরেশতা রয়েছে আরশের চারপাশে তারা সবসময় তাদের প্রভু আল্লাহ তা'য়ালার প্রশংসা সহ তসবিহ করছে। তারা আল্লাহর প্রতি ঈমান রাখে এবং মুমিনদের জন্য ক্ষমা প্রার্থনা করে, জাহান্নামের আগুনের আযাব থেকে যেন আল্লাহ তা'আলা মুমিনদের রক্ষা করেন। ওই সমস্ত মুমিনদের জন্য ফেরেশতারা আল্লাহর কাছে দোয়া করে যারা তওবা (অনুতপ্ত হয়ে) করে আল্লাহর কাছে ক্ষমা চেয়ে আল্লাহর পথে ফিরে আসে।

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা তওবা (অনুতপ্ত হয়ে) করে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করি, জাহান্নামের আযাব থেকে বাঁচার জন্য দোয়া করি, জান্নাত লাভের জন্য দোয়া করি, দুনিয়াতে চলার পথে আল্লাহর হেদায়াতের জন্য দোয়া করি। আশা করা যায় আল্লাহ তায়ালা আমাদের দোয়া কবুল করবেন।

**আমীন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

Click here <http://www.morningbrightness.fi/>